

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।

নং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০২.১৭-৮৪০

তারিখঃ ১৯/০৬/২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ হালিমুল হক মিরু, পিতা-মোঃ আবু তালেব মিয়া, মহল্লা-মনিরামপুর, শাহজাদপুর, সিরাজগঞ্জ জেলাধীন শাহজাদপুর পৌরসভার মেয়র; এবং

যেহেতু, জনাব মোঃ হালিমুল হক মিরু এবং অন্যান্য ৩৭ (সাতত্রিশ) জনকে আসামী করে শাহজাদপুর থানায় ফৌজদারী মামলা নং-০৪, তারিখঃ ০৩/০২/২০১৭, ধারা ১৪৩/৩২৩/৩০৭/৩০২/৩৪ দঃবিঃ দায়ের করা হয়েছে; এবং

যেহেতু, বর্ণিত মামলার বিবরণ অনুযায়ী পৌর মেয়র জনাব মোঃ হালিমুল হক মিরু এর ক্ষমতার অপব্যবহার ও অপকর্মের বিরুদ্ধে শাহজাদপুর পৌর এলাকায় স্থানীয়ভাবে গত ০২/০২/২০১৭ তারিখ আনুমানিক বিকাল ৩:০০ টায় প্রতিবাদ মিছিল বের করা হয় এবং পৌর মেয়র জনাব মোঃ হালিমুল হক মিরু এর নেতৃত্বে অন্যান্য আসামীগণ অগ্নেয়াস্ত্র ও দেশীয় অস্ত্রসহ প্রতিবাদ মিছিলকারীদের হত্যার উদ্দেশ্যে আক্রমণ করে এবং এ ঘটনার ছবি তোলার সময় জনাব মোঃ হালিমুল হক মিরু সাংবাদিক আব্দুল হাকিম শিমুল-কে লক্ষ্য করে শটগান থেকে গুলি ছুড়লে সাংবাদিক আব্দুল হাকিম শিমুল গুলিবিদ্ধ হন এবং ০৩/০২/২০১৭ তারিখ দুপুর ০১.০০ টায় মৃত্যুবরণ করেন; এবং

যেহেতু, দায়েরকৃত মামলার তদন্ত শেষে ব্যালেষ্টিক পরীক্ষার রিপোর্ট, ময়না তদন্ত রিপোর্ট ও সাক্ষ্য পর্যালোচনায় মোঃ হালিমুল হক মিরুর শটগানের গুলিতে আব্দুল হাকিম শিমুল মৃত্যুবরণ করেছেন মর্মে অভিযোগপত্রে উল্লেখ করা হয় এবং এ অভিযোগের বিষয়ে ৫৫ (পঞ্চাশ) জন সাক্ষী সাক্ষ্য প্রমাণ দিয়েছেন; এবং


যেহেতু, বর্ণিত মামলায় তদন্ত শেষে প্রাথমিক সত্যতার ভিত্তিতে শাহজাদপুর থানায় দায়েরকৃত মামলা নং-০৪, তারিখঃ ০৩/০২/২০১৭-এর অভিযোগ পত্র (নং- ১০৭/১, তারিখঃ ৩০/ ০৪/২০১৭) বিজ্ঞ আদালত বরাবর দাখিল করা হয়েছে এবং আসামী জনাব মোঃ হালিমুল হক মিরু সহ অন্যান্য ৩৬ (ছত্রিশ) জন আসামীর বিরুদ্ধে অভিযোগপত্রটি বিজ্ঞ আদালত কর্তৃক ১৩/০৬/২০১৭ ইং তারিখে গৃহীত হয়েছে; এবং

যেহেতু, আসামী জনাব মোঃ হালিমুল হক মিরু আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক গ্রেফতার হয়ে বর্তমানে কারাগারে আটক রয়েছেন; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক "...যে ক্ষেত্রে পৌরসভার মেয়র এর বিরুদ্ধে ফৌজদারী মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র বা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে।"

যেহেতু, হত্যা মামলায় গুরুতর অভিযোগে অভিযুক্ত আসামী মোঃ হালিমুল হক মিরু কর্তৃক মেয়র হিসেবে দায়িত্ব পালন করা হলে পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিকদের মধ্যে আতঙ্ক ও ভীতির সঞ্চার হতে পারে এবং গুরুত্বপূর্ণ সাক্ষীগণের সাক্ষ্য প্রভাবিত হওয়ার যৌক্তিক আশংকা রয়েছে। এ প্রেক্ষিতে তঁার কর্তৃক মেয়রের ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি এবং জনপ্রতিনিধি হিসেবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় তাকে মেয়র এর পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন।

সেহেতু, সিরাজগঞ্জ জেলাধীন শাহজাদপুর পৌরসভার মেয়র জনাব মোঃ হালিমুল হক মিরুকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।



(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ-সচিব

নং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০২.১৭-৮৪০/১(৮)

তারিখঃ ১৯/০৬/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
২. পরিচালক, সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ।
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫. জনাব মোঃ হালিমুল হক মিরু, মেয়র (সাময়িকভাবে বরখাস্তকৃত), শাহজাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ।
৬. প্যানেল মেয়র-১, শাহজাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ'কে অনতিবিলম্বে মেয়র-এর দায়িত্বভার গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. পৌর সচিব, শাহজাদপুর পৌরসভা, সিরাজগঞ্জ।


(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ-সচিব